UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date***: ২৫ সেপ্টেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

# পার্বত্য চট্টগ্রামে ধর্ষণসহ নারীর বিরুদ্ধে সহিংসতা রোধে Fast Track Courts (FTCs) ও বিশেষ আইন প্রণয়ন করুন: ইউপিডিএফ

পার্বত্য চট্টগ্রামসহ সারা দেশে আশঙ্কাজনক হারে শিশু-কিশোরীর ওপর দলবদ্ধ ধর্ষণ বেড়ে যাওয়ায় গভীর উদ্বেগ জানিয়ে বিবৃতি দিয়েছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) সভাপতি প্রসিত খীসা।

গত ২৩ সেপ্টেম্বর খাগড়াছড়ি সদর উপজেলায় ৮ম শ্রেণীর এক কিশোরী ধর্ষণের পরিপ্রেক্ষিতে আজ বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর ২০২৫) সংবাদ মাধ্যমে তিনি এ বিবৃতি দেন।

নারী, কিশোরী ও শিশুদের প্রতি যে কোনো ধরনের সহিংসতা বা হয়রানি মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন উল্লেখ করে বিবৃতিতে ইউপিডিএফ নেতা এ ব্যাপারে নির্লিপ্ত ভূমিকার জন্য অন্তর্বর্তীকালীন সরকারের সমালোচনা করেন।

বিদ্যমান বাস্তবতায় পার্বত্য চট্টগ্রামের নারী ও কন্যা শিশুদের নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করা জরুরি হয়ে পড়েছে বলে বিবৃতিতে ইউপিডিএফ নেতা মন্তব্য করেন। ধর্ষণসহ নারীর ওপর যৌন সহিংসতা রোধ করতে দ্রুত বিচার নিশ্চিতকরণ, ধর্ষকদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং ভুক্তভোগী ও তাদের পরিবারের সর্বোচ্চ সুরক্ষা-মর্যাদা নিশ্চিতের বিষয়টি প্রাধান্য দিয়ে ইউপিডিএফ নেতা পার্বত্য চট্টগ্রামে 'বিশেষ আইন' প্রণয়নসহ Fast Track Courts (FTCs) প্রতিষ্ঠার দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
কেন্দ্রীয় কমিটি।